



সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮. ৫৩

তারিখ: ২৩ জানুয়ারি ২০২১ খ্রি.

প্রেস রিলিজ

ঢাকা, ২৩ জানুয়ারি ২০২১ খ্রি.

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের উদ্যোগে 'জাতীয় প্রশিক্ষণ দিবস উদযাপন' উপলক্ষ্যে 'প্রশিক্ষণ ও উন্নয়ন' শিরোনামে দিনব্যাপী অনলাইন সেমিনার আজ ২৩ জানুয়ারি ২০২১ সফলভাবে সম্পন্ন হয়। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক শাহিন ইসলাম, এনডিসি সেমিনারটিতে সভাপতিত্ব করেন। সেমিনারের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব খাজা মিয়া। সেমিনারে মূলপ্রবন্ধ উপস্থাপন করেন যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ ড. দেওয়ান মুহাম্মদ হাম্মান কবীর।

সেমিনারে গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ বেতার, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ, বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি, বাংলাদেশ এনজিও নেটওয়ার্ক ফর রেডিও কমিউনিকেশন, তথ্য মন্ত্রণালয় এবং জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এর প্রশিক্ষণের সঙ্গে সম্পর্কিত ৪০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

সেমিনারের উপদেষ্টা হিসেবে ছিলেন জনাব মো. জাহিদুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান), সেমিনারের পরিচালক হিসেবে মিজ নিবেদিতা আহমেদ তুলি, উপপরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন প্রশি.), সার্বিক ব্যবস্থাপনা মিজ তানিয়া খান, উপ-পরিচালক (সংযুক্ত), সমন্বয়কারী হিসেবে জনাব মো. আব্দুল মান্নান, সহকারি পরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন প্রশি.) দায়িত্ব পালন করেন।

আবদুল হাম্মান

(গণসংযোগ কর্মকর্তা)

ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণঃ

- ০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা
- ০২। মুখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশে টিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর।
- ০৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। কার্যালয় নথি।